

সকল দপ্তরের সংশোধিত বেতন-ভাতার প্রতিবেদন আগামি ২৫ মার্চ ২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ প্রসংগে।


মৎস্য অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠান প্রধানগণকে বিনীতভাবে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ আর্থিক সালে কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদোন্নতি/অন্যান্য কারণে দপ্তরসমূহের বেতন-ভাতার বাৎসরিক চাহিদার পরিবর্তন হয়েছে। বদলি বা পদোন্নতির ফলে কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের নতুন কর্মস্থলে যোগদান করে অতিরিক্ত বেতন-ভাতার চাহিদা প্রেরণ করছেন। কিন্তু উক্ত কর্মকর্তা/কর্মচারীর পূর্বের কর্মস্থল হতে তাদের বেতন-ভাতা সমর্পন/সমন্বয় করছেন না। ফলে যেসকল দপ্তরে কর্মকর্তা/কর্মচারি নতুন যোগদান করেছেন তাদের বেতন-ভাতা পরিশোধের জন্য আইবাসে সিস্টেমে অর্থ এন্ট্রি দেওয়া সম্ভব হচ্ছে না।

জুলাই ২০২০ খ্রি. মাসের পর হতে অদ্যাবদি যেসকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারির পদশূণ্য হয়েছে অথবা নিম্নবেতন-গ্রেডের কর্মকর্তা/কর্মচারি যোগদান করেছেন সেই সকল দপ্তরসহ **সকল দপ্তর হতে সংশোধিত বেতন-ভাতার প্রতিবেদন** অনতিবিলম্বে প্রেরণ করা অতীব জরুরী।

এমতাবস্থায় মৎস্য অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠান হতে সংশোধিত বেতন-ভাতার প্রতিবেদন (সংযুক্ত ছক মোতাবেক) **আগামি ২৫ মার্চ ২০২১ খ্রি. তারিখের** মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় বেতন-ভাতা পরিশোধে জটিলতা সৃষ্টি হবে।

****** যেসকল দপ্তর ইতোমধ্যে আইবাস প্রতিবেদনের সাথে মিলিয়ে সঠিকভাবে সংশোধিত বেতন-ভাতার চাহিদা প্রেরণ করেছেন তাদের পুনরায় প্রেরণের প্রয়োজন নেই।

****** আইবাস হতে প্রতিবেদন নিয়ে আপনার দপ্তরের অনুকূলে আইবাসে এন্ট্রিকৃত অর্থের পরিমাণ, সংশোধিত মোট চাহিদা, অতিরিক্ত চাহিদা, বাড়তি/উদ্বৃত্ত অর্থের পরিমাণ নির্ভুলভাবে হিসাব করে প্রতিবেদন প্রস্তুত করুন।


২৬/৩/২০২১

(সাইফুল ইসলাম)
সহকারী পরিচালক
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

01769-459031